

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২২৯

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর সংশোধন।


সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নম্বর- ১৩.০১.০০০০.০৫২.৫৭.০৩৪.১৯.৬০৬, তারিখ: ৩০ অক্টোবর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০২৪ এর আলোকে ওএমএস ডিলার নিয়োগের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০২৪ এর বর্ণিত কতিপয় নীতি নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

	বিদ্যমান নীতি	সংশোধিত নীতি
১	১০ (ঙ) সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব খাদ্য অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে নির্বাচিত ডিলারদের নিয়োগ আদেশ জারি করবেন;	১০ (ঙ) সংশ্লিষ্ট কমিটি ডিলার নিয়োগের চূড়ান্ত অনুমোদন প্রদান করবে। কমিটির সদস্য সচিব চূড়ান্তভাবে অনুমোদিত ডিলারদের নিয়োগ আদেশ জারি করবেন;
২	১৩ (ক) জনবহুল ও দরিদ্র মানুষের ঘনবসতি বিবেচনায় নিয়ে বিক্রয় কেন্দ্রের স্থান নির্বাচন করে তা অনুমোদনের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করবেন;	১৩ (ক) জনবহুল ও দরিদ্র মানুষের ঘনবসতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট কমিটি বিক্রয় কেন্দ্রের স্থান নির্বাচন চূড়ান্ত করে তা খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
৩	১৩ (খ) কমিটির সদস্য সচিব, চেক লিস্ট (পরিশিষ্ট-গ) অনুযায়ী আবেদনকারীর তথ্যাদি যাচাই বাছাই করবেন। কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক ডিলার নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হলে নির্বাচিত আবেদনকারীগণকে ডিলার হিসেবে নিয়োগের প্রস্তাব সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব তাঁর প্রশাসনিক কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর প্রস্তাব প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ডিলার নিয়োগের প্রস্তাব নিষ্পত্তি করবেন;	১৩ (খ) সংশ্লিষ্ট কমিটি চেক লিস্ট (পরিশিষ্ট-গ) অনুযায়ী এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডিলার হিসেবে নিয়োগের চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন;

০২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত 'খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪' প্রয়োগে হকে বর্ণিত

সংশোধনী মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৭-১১-২০২৪

কুল প্রদীপ চাকমা

উপসচিব

+৮৮০২৯৫১৪৬১৬ (ফোন)

+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)

dssupply1@mofood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৫। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৯। সিনিয়র সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ১০। সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২২৯/১ (১)

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।



০৭-১১-২০২৪

কুল প্রদীপ চাকমা


উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
বন্টন শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.১৩৭৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



১০-১১-২০২৪

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ২। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.১৩৭৯/১ (১০)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক (বিকল্প কর্মকর্তা), প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৬। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৭। উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),
- ১০। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



১০-১১-২০২৪

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)